গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১

২১-০৮-১৪২৪ বঙ্গাব্দ।
স্মারক নং-৪৭.০৩৭.০২২.০০.০০২১৮.২০১৭-২৮০ তারিখ ঃ ---------------------- ।
০৫-১২-২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ একটি বাড়ি একটি খামার প্রকল্পের "ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ নীতিমালা" অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: এবাএখা/উন্নয়ন/ঋণ নীতিমালা/১৩০/২০১৭-১৭৫২, তারিখ: ০১-০৮-২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, একটি বাড়ি একটি খামার (৩য় সংশোধিত) প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালা চূড়ান্তকরণের জন্য গঠিত কমিটি কর্তৃক স্বাক্ষরিত ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

সংযুক্তঃ অনুমোদিত ঋণ নীতিমালা ০১(এক) প্রস্থ।

05.12.2017
(শাহিনা সুলতানা)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫০১৮

প্রকল্প পরিচালক
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড ইস্কাটন গার্ডেন, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

DPD(F)
6.12.17

১০৪

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

# একটি বাড়ি একটি খামার প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ নীতিমালা

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# একটি বাড়ি একটি খামার প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ নীতিমালা



১.০ ভূমিকা :

১.১ মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নপ্রসূত 'ক্ষুদ্র সঞ্চয়' মডেলে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীকে একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় গঠিত গ্রাম উন্নয়ন সমিতিতে অন্তর্ভুক্ত করে দরিদ্র জনগোষ্ঠীর নিজস্ব সঞ্চয় ও সরকারের অনুদানে অংশীদারিত্বের ভিত্তিতে সমিতিতে স্থায়ী তহবিল গঠন করে দেয়া হচ্ছে। এ প্রক্রিয়ায় সমিতিতে গঠিত তহবিল হতে সদস্যগণ উঠান বৈঠকে বসে নিজস্ব সিদ্ধান্তে আয়বর্ধক কাজের জন্য সহজ শর্তে ঋণ গ্রহণ করেন। উক্ত ঋণ আয়বর্ধক কাজে ব্যবহার করে পুনরায় সমিতির তহবিলে ফেরত প্রদান করেন। সমিতিতে গঠিত তহবিল সমিতির সদস্যগণ ঘূর্ণায়মান ব্যবহার করে তাদের জীবনমান উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচনে নিয়োজিত হয়ে থাকে। সদস্যগণ সমিতি হতে পর্যায়ক্রমে সর্বোচ্চ ৪০ হাজার টাকা পর্যন্ত ঋণ গ্রহণ করতে পারেন। একটি বাড়ি একটি খামার প্রকল্পের বাস্তবায়নকাল ৫ বছর অতিক্রান্ত হয়েছে। প্রকল্পের সদস্যগণের মধ্যে দারিদ্র্যসীমার উর্ধ্বে ওঠে ক্ষুদ্র উদ্যোক্তা হওয়ার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। সদস্যগণের মধ্যে ঋণ ব্যবহারের সক্ষমতা বৃদ্ধি ও অধিক পরিমাণ ঋণের চাহিদা সৃষ্টির পরও তহবিল স্বল্পতার কারণে তাঁরা অধিক পরিমাণ তহবিল সংস্থান করতে পারেন না। বিষয়টি প্রধানমন্ত্রীর কার্যালয়ে পর্যালোচিত হয় এবং সমস্যা নিরসনে কতিপয় অনুশাসন প্রদান করা হয়। এ প্রেক্ষাপটে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুশাসন বিবেচনায় নিয়ে একটি বাড়ি একটি খামার (৩য় সংশোধিত) প্রকল্পের সক্ষম (Graduated) সদস্যদের জন্য 'ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ' এর সংস্থান রাখা হয়েছে। প্রকল্পের আরডিপিপিতে পল্লী উন্নয়ন ও সমবায় কর্তৃক অনুমোদিত একটি নীতিমালার মাধ্যমে 'ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ' বিতরণ, বিতরণকৃত ঋণ ৫% সেবামূল্যে আদায় ও ঘূর্ণায়মান বিতরণের বিধান করা হয়েছে। এ পেক্ষাপটে 'ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ' নীতিমালা প্রাসঙ্গিক।

২.০ প্রকল্পের সুবিধাভোগীদের তহবিল প্রাপ্তির সুযোগ সম্প্রসারণ :

২.১ একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় গঠিত গ্রাম উন্নয়ন সমিতিতে গঠিত তহবিল দ্বারা সুবিধাভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র আয়বর্ধক কাজের তহবিল সরবরাহ হচ্ছে। এ তহবিল উদ্যোক্তা উন্নয়নের জন্য অপ্রতুল। এ লক্ষ্যে সুবিধাভোগীদের আয়বর্ধক কাজে অধিকতর তহবিল সরবরাহ করার জন্য প্রকল্পে 'ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ' তহবিল সৃজন করা হয়েছে।

২.২ সুবিধাভোগীদের সংখ্যা, প্রয়োজন ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে পর্যায়ক্রমে এ 'ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ' তহবিল বৃদ্ধির পদক্ষেপ নেয়া হবে।

২.৩ উদ্যোক্তা উন্নয়ন কাজে তহবিল সংস্থানের জন্য সরকারি ব্যবস্থা ছাড়াও যে কোন বেসরকারি সংস্থার সহযোগিতা গ্রহণ বিবেচনা করা হবে।

৩.০ নীতিমালার আওতা ও প্রয়োগ :

৩.১ একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় গঠিত গ্রাম উন্নয়ন সমিতিতে সদস্য ও সরকারের অংশীদারিত্বের ভিত্তিতে গঠিত তহবিল হতে সদস্যদের জন্য সমিতির ব্যবস্থাপনায় ঋণ কার্যক্রম পরিচালিত হয়। সমিতি হতে সদস্যগণ প্রথমবার সর্বোচ্চ ১০ হাজার, দ্বিতীয়বার সর্বোচ্চ ২০ হাজার, তৃতীয়বার সর্বোচ্চ ৩০ হাজার টাকা এবং সর্বশেষ সর্বোচ্চ ৪০ হাজার টাকা পর্যন্ত ঋণ গ্রহণ করতে পারেন।

৩.২ প্রকল্পের তহবিল হতে প্রদেয় 'ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ' প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপনায় পরিচালিত হবে এবং এ ঋণের পরিমাণ ৫০ হাজার টাকা হতে ১.০০ লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ থাকবে।

৩.৩ উদ্যোক্তা ঋণের চাহিদা, ঋণ ব্যবহারের সক্ষমতা ও সক্ষম উপকারভোগীদের সংখ্যা বিবেচনায় পরবর্তীতে ঋণের সীলিং বৃদ্ধি করা যেতে পারে।

৩.৪ প্রকল্পের 'ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ' নীতিমালা শুধুমাত্র একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় গঠিত সমিতির সদস্যদের জন্য প্রযোজ্য হবে। এ ঋণের ব্যবহার, সেবামূল্য, ব্যবস্থাপনা, মালিকানা ইত্যাদি বিষয় প্রকল্পের আরডিপিপি ও এ নীতিমালার বিধান অনুযায়ী পরিচালিত হবে। ১০৮

৩.৫ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জারিকৃত "সরকারি পর্যায়ে পরিচালিত ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় আবর্তক ঋণ তহবিল ব্যবহারের সমন্বিত নীতিমালা" এর সাথে প্রকল্পের 'ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ' নীতিমালা সাংঘর্ষিক নয় বিধায় দুটো নীতিমালাই স্বতন্ত্রভাবে একই সাথে বাস্তবায়িত হবে।

৪.০ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের উদ্দেশ্য :

৪.১ উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচির উদ্দেশ্য হল কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব দূরীকরণ ও সুবিধাভোগীদের জীবনমান উন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়ন।

৪.২ নারী উদ্যোক্তা সৃজনের মাধ্যমে বৃহৎ জনগোষ্ঠীকে উৎপাদন, সেবা ও সরবরাহমূলক কর্মকাণ্ডে সম্পৃক্তকরণের মাধ্যমে লিংগ বৈষম্য দূরীকরণ ও নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরণ।

৪.৩ একটি বাড়ি একটি খামার এর দারিদ্র্য বিমোচন মডেলে দারিদ্র্যসীমার উর্ধ্বে ওঠে আসা প্রকল্পের সুবিধাভোগীদের উন্নয়নের মূলধারায় নিয়ে আসা। উদ্যোক্তা হিসেবে গড়ে ওঠার জন্য প্রয়োজনীয় তহবিল সরবরাহ করে 'ক্ষুদ্র সঞ্চয়' মডেলের বাস্তব প্রয়োগ নিশ্চিতকরণ।

৫.০ ঋণের খাত :

৫.১ কৃষির বিভিন্ন ক্ষেত্র যথা-কৃষিকাজ, মৎস্যচাষ, হাঁস-মুরগি পালন, গবাদিপ্রাণি পালন, বন-নার্সারী ও ফলচাষ, মৎস্য হ্যাচারী, জৈব সার উৎপাদন, মাশরুম চাষ, বৃক্ষরোপণ ইত্যাদি কাজকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫.২ অকৃষি খাত- যেমন : ক্ষুদ্র ব্যবসা, রিক্সা, ভ্যান, ইত্যাদি তথা স্থানীয়ভাবে উপযোগী যে কোন পারিবারিক পেশা ক্ষেত্রে ঋণ প্রদানে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫.৩ উৎপাদিত কৃষি পণ্য প্রক্রিয়াকরণ ও বিপণনে ঋণ প্রদানের গুরুত্বপূর্ণ ক্ষেত্র হিসেবে বিবেচিত হবে।

৫.৪ পল্লী অঞ্চলে ক্ষুদ্র ক্ষুদ্র ও কুটির শিল্প কার্যক্রম সম্প্রসারণ ঋণ প্রদানের ক্ষেত্র হিসেবে চিহ্নিত হবে।

৫.৫ নিষিদ্ধ নয় এবং লাভজনক উৎপাদনশীল বা বাণিজ্যিক বা সেবামূলক যেকোন অর্থনৈতিক কর্মকাণ্ড ঋণের খাত হিসেবে বিবেচিত হবে।

৫.৬ ঋণ প্রদানের বিস্তারিত খাত পরিশিষ্ট-'ক' প্রদর্শিত হল।

৬.০ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ পাওয়ার যোগ্যতা :

৬.১ একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় গঠিত গ্রাম উন্নয়ন সমিতির সদস্য।

৬.২ ঋণ আবেদনকারীর বয়স ১৮-৬০ বছরের মধ্যে হতে হবে। তবে উপজেলা নির্বাহী অফিসার বিশেষ বিবেচনায় প্রার্থীর ঋণ ব্যবহারের সক্ষমতা ও অন্যান্য যোগ্যতা বিবেচনায় বয়সসীমা শিথিল করতে পারবেন।

৬.৩ সমিতি হতে কমপক্ষে পর পর তিনবার ঋণ নিয়ে ঋণের সঠিক ব্যবহার ও পরিশোধের রেকর্ড থাকতে হবে।

৬.৪ উদ্যোক্তা হিসেবে প্রমাণের দৃশ্যমান যোগ্যতা থাকতে হবে। দৃশ্যমান বলতে, ইতোপূর্বে গৃহীত ঋণ ব্যবহারের মাধ্যমে বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ, যে কাজে ঋণ ব্যবহার করা হয়েছে সে কাজে অতিরিক্ত বিনিয়োগের সুযোগ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির বিষয় বিবেচনা করা বুঝাবে।

৬.৫ প্রকল্প/অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/এনজিও বা অন্যকোন সরকারি প্রতিষ্ঠানের ঋণ খেলাপীগণ যোগ্য বিবেচিত হবেন না। স্থানীয়ভাবে কোন দায়-দেনা নেই মর্মে আবেদনকারী ঘোষণা দিবেন এবং প্রকল্পের/ব্যাংকের মাঠ সহকারী তা যাচাইপূর্বক প্রত্যয়ন করবেন।

৬.৬ ঋণ প্রদানে নারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

৭.০ ঋণ অনুমোদন ও বিতরণ প্রক্রিয়া :

৭.১ একটি বাড়ি একটি খামার প্রকল্পের সমিতির সদস্যদের জন্য এ ঋণ কার্যক্রম অব্যাহত থাকবে। ঋণের পরিমাণ আবেদনকারীর কাজের আকৃতি ও প্রকৃতি অনুযায়ী নির্ধারিত হবে। তবে তা ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হতে ১.০০ (এক) লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ থাকবে। ভবিষ্যতে তহবিল প্রাপ্তি ও সদস্যদের প্রয়োজনের নিরিখে ঋণের পরিমাণ বৃদ্ধি করা যেতে পারে।

৭.২ সমিতির উঠান বৈঠকে সিদ্ধান্ত গ্রহণের রেজুলেশনসহ নির্ধারিত ফরমে ঋণের আবেদন করতে হবে। ঋণ প্রাপ্তির উপযুক্ততা অনুযায়ী ঋণ মঞ্জুরের সুপারিশসহ ঋণের আবেদনপত্র প্রকল্পের উপজেলা কার্যালয়ে দাখিল করতে হবে।

৭.৩ উপজেলা পর্যায়ে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ মঞ্জুরের সুপারিশ প্রদানের জন্য একটি কমিটি থাকবে।

কমিটির সভাপতি হবেন উপজেলা নির্বাহী অফিসার। কমিটির সদস্য থাকবেন সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। প্রকল্পের উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন।

৭.৪ কমিটি প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালা অনুযায়ী পরীক্ষা/নিরীক্ষা করে বরাদ্দকৃত বাজেটের আলোকে ঋণ মঞ্জুরের সুপারিশ করবেন। এক্ষেত্রে উপযুক্ত ব্যক্তির ঋণ পাওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।

৭.৫ গৃহীত ঋণ সেবামূল্যসহ সম্পূর্ণ পরিশোধের পর একই ব্যক্তিকে পুনরায় এ ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে যথাসময়ে ঋণ পরিশোধ ও সফলতার সহিত পূর্বের ঋণ ব্যবহারকারী অগ্রাধিকার পাবে।

৭.৬ কমিটির সুপারিশ চূড়ান্ত হওয়ার পর উপজেলা নির্বাহী অফিসার ঋণ মঞ্জুরীর আদেশ জারি করবেন। ঋণ প্রাপকের অনুকূলে ঋণ মঞ্জুর হওয়ার পর তার বিবরণ একটি বাড়ি একটি খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকে প্রেরণ করতে হবে।

৭.৭ ঋণ গ্রহীতাকে পল্লী সঞ্চয় ব্যাংক/স্থানীয় সোনালী ব্যাংককে একটি সঞ্চয়ী হিসাব খুলতে হবে। মঞ্জুরীকৃত ঋণ গ্রহীতার ব্যাংক হিসাবে জমা করতে হবে। ব্যক্তির ব্যাংক হিসাব ব্যতিত অন্য কাহারও নিকট ঋণের অর্থ প্রদান করা যাবেনা।

৭.৮ ঋণের আবেদনপত্র সংযোজনীসহ বিতরণের সকল রেকর্ড এর হার্ডকপি প্রকল্প দপ্তর ও পল্লী সঞ্চয় ব্যাংকে ভাউচারের সাথেই সংরক্ষণ করতে হবে।

৭.৯ ঋণ বিতরণ প্রক্রিয়ায় কোন ত্রুটি পাওয়া গেলে সংশ্লিষ্ট মাঠ সহকারী/ফিল্ড সুপারভাইজার/ব্যাংকের কর্মচারীর দায় নিরূপন করা হবে এবং তাঁর/তাদের বিরুদ্ধে ঋণের অর্থ আদায়সহ প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮.০ ঋণ পরিশোধ প্রক্রিয়া :

৮.১ একটি বাড়ি একটি খামার প্রকল্পের সদস্যদের দারিদ্র্যসীমা হতে উত্তরণ ঘটিয়ে আর্থ-সামাজিক উন্নয়ন প্রক্রিয়া চলমান রাখার মাধ্যমে জীবনমান উন্নয়নের জন্যই ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যক্রম চালু করা হয়েছে। ঋণ গ্রহণকারী প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংক হতে এ ঋণ গ্রহণ করে তার যথাযথ ব্যবহার করে আয়বর্ধন করবেন এবং গৃহীত ঋণ সেবামূল্যসহ পূনরায় উৎসে ফেরত প্রদান করবেন।

৮.২ গৃহীত ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ ১২টি সমান মাসিক কিস্তিতে সেবামূল্যসহ পরিশোধ করতে হবে। অনুমোদনকৃত ঋণের উপর এক বছর সময়ের জন্য ফ্লাট রেটে ৫% হারে সেবামূল্য নির্ধারণ করে মোট অর্থকে ১২টি সমান ভাগে ভাগ করে কিস্তি নির্ধারণ করতে হবে। ঋণ গ্রহীতা প্রতি মাস অন্তর নির্ধারিত তারিখে কিস্তি পরিশোধ করবেন। ঋণের কিস্তি খেলাপি হলে অথবা নির্ধারিত সময়ের মধ্যেও ঋণ পরিশোধ না হলে বকেয়া ঋণের উপর ৫% হারে অতিরিক্ত সেবামূল্য নির্ধারণ করে তা আদায় করতে হবে।

৮.৩ ঋণ গ্রহণ করে তা বিনিয়োগ না করলে বা নির্ধারিত খাতে বিনিয়োগ না করলে এককালীন আদায় করা যাবে, এক্ষেত্রে যতদিন তার নিকট টাকা থাকবে ততদিনের সার্ভিসচার্জ আদায় করতে হবে।

৮.৪ মাসিক কিস্তি ছাড়াও কোন ঋণ গ্রহীতা ইচ্ছা করলে নির্ধারিত সময়ের পূর্বেও উক্ত ঋণ পরিশোধ করতে পারবে। এক্ষেত্রে শুধুমাত্র ঋণের ব্যবহার সময়ের জন্য সেবামূল্য প্রদান করতে হবে।

৮.৫ প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের সংশ্লিষ্ট এলাকার কর্মকর্তা/কর্মচারী ঋণ আদায়ের দায়িত্বে নিয়োজিত থাকবে। ঋণের কিস্তি গ্রহণের পর ঋণ গ্রহীতাকে ব্যাংকে কিস্তি জমার রসিদ প্রদান করতে হবে এবং পাসবইতেও স্বাক্ষর প্রদান করতে হবে। ঋণ গ্রহীতা নিজেও ব্যাংক হিসাবে কিস্তি জমা করে প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংকে রসিদের অনুলিপি দাখিল করতে পারবেন।

৯.০ ঋণের আবেদন ফরম ও ফিস :

৯.১ প্রকল্প/ব্যাংকের নির্ধারিত ফরমে ঋণের আবেদন করতে হবে। ঋণ আবেদনকালে কোন ফি জমা দিতে হবেনা (আবেদনপত্র পরিশিষ্ট-'খ')।

১০.০ ঋণের গ্যারান্টর :

১০.১ এ ঋণ প্রদানের জন্য দুজন গ্যারান্টর প্রয়োজন হবে। একটি বাড়ি একটি খামার প্রকল্পের সংশ্লিষ্ট সমিতির দুজন সদস্য গ্যারান্টর হবেন। সমিতিতে ঋণ খেলাপি কোন সদস্য এ ঋণের গ্যারান্টর হতে পারবেন না। ঋণ পরিশোধে সক্ষম সমিতির কার্যক্রমে সক্রিয়, সন্তোষজনক সঞ্চয় জমা এবং ঋণ ব্যবহারকারী কোন সদস্য ঋণের গ্যারান্টর হতে পারবেন।

১০.২ সমিতির সদস্য যিনি ঋণের গ্যারান্টর হবেন, তাঁকে এ ঋণ আদায়ে সহযোগিতা করতে হবে। কোন কারণে ঋণ খেলাপিতে পরিণত হলে গ্যারন্টরকে ঋণ পরিশোধের জন্য দায়ি থাকতে হবে।

১১.০ ঋণের সার্ভিস চার্জ :

১১.১ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের জন্য বার্ষিক ০৫% (পাঁচ) হারে ফ্লাট রেট পদ্ধতিতে (Flat Rate Method) সেবামূল্য ধার্য্য করা হবে। তবে নির্ধারিত সময়ের মধ্যে ঋণ পরিশোধ সম্পন্ন না হলে অবশিষ্ট ঋণের উপর অতিরিক্ত ০৫% হারে সেবামূল্য ধার্য করা যাবে।

১২.০ ঋণের ব্যবহার মনিটরিং ও পরিদর্শন :

১২.১ ঋণ বিতরণের পর থেকেই উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক/ফিল্ড সুপারভাইজার প্রতিটি ঋণ প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণের সঠিক ব্যবহার হচ্ছে কিনা তা তদারক করবেন। ইউনিয়নে কর্মরত মাঠ সহকারী/ব্যাংক কর্মচারী প্রতিটি ঋণ প্রকল্প অন্ততঃ ১৫ (পনের) দিনে একবার পরিদর্শন করে সমিতির প্রকল্প সংশ্লিষ্ট পরিদর্শন বইয়ে উল্লেখ করবেন এবং সার্বিক বিষয়াবলী উল্লেখপূর্বক প্রকল্প দপ্তরে রিপোর্ট করবেন। কোন অনিয়ম পরিলক্ষিত হলে সাথে সাথে তা প্রকল্প দপ্তরে অবহিত করতে হবে।

১২.২ উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক ও তত্বাবধানের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী নিয়মিত উদ্যোক্তা ঋণের কিস্তি আদায় হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করবেন। আদায়ের দায়িত্বে নিয়োজিত কর্মচারীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

১৩.০ মেয়াদ উত্তীর্ণ ঋণ :

১৩.১ নির্দিষ্ট মেয়াদের মধ্যে ঋণের সম্পূর্ণ বা কোন কিস্তির টাকা আদায় না হলে কিস্তির বা সম্পূর্ণ ঋণের মেয়াদান্তে উক্ত কিস্তির বা সম্পূর্ণ ঋণের টাকা মেয়াদোত্তীর্ণ ঋণ হিসাব খাতে স্থানান্তর করতে হবে।

১৪.০ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের অর্থ সমন্বয় :

১৪.১ একটি বাড়ি একটি খামার প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণের দায়িত্ব যৌথভাবে প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের থাকবে। একই সাথে ঋণ বিতরণের পর উক্ত ঋণ আদায়ের দায়িত্বও প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংকের। বিতরণকৃত ঋণ পরবর্তীতে পল্লী সঞ্চয় ব্যাংকের তহবিল হিসেবে থাকবে। একটি বাড়ি একটি খামার প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত এ ঋণের অর্থ বিতরণের মাস্টাররোলের ভিত্তিতে হিসাবরক্ষণ অফিসের সাথে সমন্বয় করতে হবে।

১৫.০ ঋণের হিসাব সংরক্ষণ ও নিরীক্ষা :

১৫.১ সরকারি তহবিল হতে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ প্রদানের জন্য বরাদ্দকৃত অর্থের পূর্ণাঙ্গ হিসাব সংরক্ষণ করতে হবে। এ হিসাব প্রকল্প দপ্তর ও পল্লী সঞ্চয় ব্যাংক উভয় স্থানে সংরক্ষিত থাকবে। ১৩৯

১৫.২ ঋণ তহবিল নিয়মিতভাবে নিরীক্ষা সম্পন্ন করতে হবে। প্রতিষ্ঠানের অভ্যন্তরীন ও প্রতিষ্ঠান বহির্ভুত কোন সংস্থাকে দিয়েও নিরীক্ষা করানো যেতে পারে। নিরীক্ষা কালে অর্থের সর্বোচ্চ ব্যবহার (value for money) হয়েছে কিনা তাও দেখতে হবে। নিরীক্ষা প্রতিবেদন ও প্রতিবেদনের আলোকে গৃহীত ব্যবস্থা নিয়মিতভাবে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে অবহিত করতে হবে।

১৫.৩ ঋণ কার্যক্রমের অভ্যন্তরীন নিরীক্ষা এবং বহি:নিরীক্ষক নিয়ুক্তির কারণে সরকারের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিএজি) এর বিধিবব্ধ এখতিয়ার কোনক্রমেই খর্ব হবেনা। সিএজি তাঁর নিজস্ব কর্মসূচি ও পরিকল্পনা অনুযায়ী এ তহবিলের নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করতে পাববেন।

১৫.৪ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ তহবিলের সরকারি অংশের মালিকানার বিষয়ে যে কোন সিদ্ধান্ত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ প্রদান করতে পারবে।

১৬.০ নীতিমালা সংশোধন :

১৬.১ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এ নীতিমালার বাস্তবায়ন নিয়মিত পর্যালোচনা করবে। প্রয়োজনে যে কোন সময় এ নীতিমালায় সংশোধন/সংযোজন/বিয়োজন/বাস্তবায়ন স্থগিত বা নীতিমাল বাতিল করতে পারবে।

১৭.০ নীতিমালা বিষয়ক সমস্যা/মতপার্থক্য নিরসন :

১৭.১ ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন নীতিমালার পূর্ণাঙ্গ অনুসরণ করেই ঋণ কার্যক্রম পরিচালনা করতে হবে। নীতিমালা বাস্তবায়নে কোন সমস্যা/মতপার্থক্য উত্থাপিত হলে তা নিরসনে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮.০ ঋণ আবেদনের সাথে দালিখযোগ্য কাগজপত্রাদির চেক লিষ্ট :

১. ঋণের আবেদনপত্র ০২ (দুই) প্রস্থ;
২. আবেদনকারীর সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি;
৩. গ্যারান্টরদ্বয়ের সদ্য তোলা ০২ কপি করে পাসপোর্ট সাইজের ছবি;
৪. আবেদনকারী এবং গ্যারান্টরদ্বয়ের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
৫. প্রশিক্ষণ/অভিজ্ঞতার সনদের ফটোকপি (যদি থাকে) ;
৬. সাদা কাগজে প্রস্তাবিত প্রকল্পের আয়-ব্যয় হিসাব;
৭. দায়বদ্ধ রাখার একরারনামা (কার্টিস পেপারে মুদ্রিত);
৮. পাওনা অঙ্গীকারপত্র (কার্টিস পেপারে মুদ্রিত) এবং
৯. ঋণ বিতরণ সার্টিফিকেট ০২ (দুই) প্রস্থ ।

| | | |
|---|---|---|
| ০১.৭.১৭<br>প্রকল্প পরিচালক<br>একটি বাড়ি একটি খামার প্রকল্প<br>ও সদস্য সচিব | ০১/০৭/১৭<br>মোঃ আশরাফুল মোসাদ্দেক<br>যুগ্ম সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ<br>ও সদস্য | ০১/৭/১৭<br>মহাপরিচালক<br>পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া/প্রতিনিধি<br>ও সদস্য |
| মহাপরিচালক<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি,<br>কুমিল্লা/প্রতিনিধি<br>ও সদস্য | ০১/০৭/১৭<br>ব্যবস্থাপনা পরিচালক<br>এসএফডিএফ, কারওয়ান বাজার<br>ও সদস্য | মহাপরিচালক<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড<br>ও আহবায়ক |

পরিশিষ্ট-'ক'

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ
ঋণ প্রদানের খাতসমূহ

| ক্রমিক নং | আয়বর্ধক কর্মকাণ্ড |
|---|---|
| ১ | হাঁষ-মুরগি পালন |
| ২ | ডেইরী ফার্ম |
| ৩ | মৎস্য খামার |
| ৪ | সবজিচাষ/নার্সারী |
| ৫ | গরু মোটাতাজাকরণ |
| ৬ | ছাগল পালন |
| ৭ | কুটির শিল্প |
| ৮ | ফুল চাষ |
| ৯ | দর্জি কাজ/সেলাই কাজ |
| ১০ | মৌমাছি চাষ |
| ১১ | মিষ্টি/দধি/মিষ্টিজাত দ্রব্য তৈরী |
| ১২ | ক্ষুদ্র কুটির শিল্প |
| ১৩ | বাঁশ/ বেত সামগ্রী |
| ১৪ | কাঠের কাজ |
| ১৫ | শষ্য আবাদ |
| ১৬ | কাগজের ঠোঙ্গা/প্যাকেট/বাক্স তৈরী |
| ১৭ | পুতুল খেলনা তৈরী/পুঁথির দ্রব্য তৈরী |
| ১৮ | কাগজের ফুল/কৃত্রিম ফুল তৈরী |
| ১৯ | মাশরুম চাষ |
| ২০ | খাদ্য প্রক্রিয়াজাতকরণ |
| ২১ | মৎস্য ধরার জাল তৈরী |
| ২২ | কলা চাষাবাদ(প্রতি বিঘা) |
| ২৩ | কামারশালার কাজ |
| ২৪ | চায়ের দোকান |
| ২৫ | ঠেলাগাড়ি |
| ২৬ | পাটজাত দ্রব্যাদি উৎপাদন |
| ২৭ | ধাত্রীকাজ |
| ২৮ | চামড়া প্রক্রিয়াজাতকরণ/চামড়াজাত দ্রব্যাদি উৎপাদন ও বিক্রয় |
| ২৯ | উলের কাজ/ক্রশ কাটার কাজ |
| ৩০ | সমন্বিত কৃষি উৎপাদন |
| ৩১ | সতরঞ্জি/পাটি তৈরী |
| ৩২ | সেলুন |
| ৩৩ | বই বাঁধাই/ছবি বাঁধাই ইত্যাদি |
| ৩৪ | এমব্রয়ডারী কাজ |
| ৩৫ | পানের বরজ উৎপাদন |
| ৩৬ | শুটকি তৈরীর কাজ |
| ৩৭ | কার্ড তৈরী/স্ক্রীন প্রিন্ট/সাইনবোর্ড তৈরী |
| ৩৮ | রেশম চাষ |
| ৩৯ | মোবাইল সার্ভিসিং |
| ৪০ | সাইকেল রিক্সার গ্যারেজ |
| ৪১ | বেকারী |
| ৪২ | মুড়ি/চিঁড়া তৈরী |
| ৪৩ | সূচিকর্ম |
| ৪৪ | খাবারের দোকান |
| ৪৫ | স্থানীয়ভাবে সুবিধাজনক গ্রহণযোগ্য অন্যান্য কর্মকাণ্ড (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অনুমোদিত) |

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ
আয়বর্ধক কর্মকাণ্ড/প্রকল্প প্রস্তাব এবং ঋণ আবেদনপত্র ফরম

| | | | | |
|---|---|---|---|---|
| জেলাঃ | | উপজেলাঃ | | |
| ইউনিয়নঃ | | ওয়ার্ড ঃ | | গ্রাম ঃ |
| সমিতির নাম ঃ | | সমিতির কোড নং ঃ | | সভাপতি/ম্যানেজারের মোবাইল ফোন নম্বর ঃ |
| আবেদনকারীর নামঃ | | | | |
| পিতা/স্বামীর নাম ঃ | | | | |
| সদস্য কোড নং - | | মোবাইল ফোন নম্বরঃ | | জাতীয় পরিচয়পত্র নম্বরঃ |
| আয়বর্ধক কর্মকান্ডের উপর প্রাপ্ত প্রশিক্ষণ/অভিজ্ঞতার বিবরণ | | | | |
| ইতোপূর্বে গৃহীত ঋণ কার্যক্রমের বিবরণ (পর পর ৩ বার, পরিমাণ ও ট্রেডসহ ) | | | | |
| প্রস্তাবিত আয়বর্ধক প্রকল্পের নামঃ | | | | |
| আয়বর্ধক কর্মকাণ্ডের/ প্রকল্পের উদ্দেশ্য | | | | |
| বাস্তবায়নকাল ঃ | | | | |
| সম্ভাব্য ব্যয় (বাজেট) ঃ | মোট টাকার পরিমাণঃ | অর্থায়ন (নিজস্ব) ঃ | | ঋণ ঃ |
| বাস্তবায়িতব্য প্রকল্পের সম্ভাব্য আয়ঃ | | | | |
| আবেদনকৃত ঋণের পরিমান ঃ | | | | |
| আবেদনকারীর স্বাক্ষর ও তারিখঃ | | | | |

সুপারিশ ঃ

১.আবেদনকারী জনাব ---------------- এর প্রয়োজনীয় কাগজ পত্র সঠিক আছে। তিনি নিয়মিত সঞ্চয় জমা করেন এবং সমিতির নিয়ম কানুন মেয়ে চলেন। জনাব ---------------- কে ----------- (কথায়) টাকা ঋণ মঞ্জুর করার সুপারিশ করা হলো। উক্ত ঋণ ০৫% হারে সেবামূল্যসহ মোট -------(কথায়-------) টাকা মাত্র (-------) টি সমান সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য।

মাঠসহকারী     কম্পিউটার অপারেটর-কাম- হিসাব সহকারী     ফিল্ডসুপারভাইজার

২. জামিনদার (গ্যারান্টর)-০১ ঃ
সমিতির সদস্য
নাম ঃ
পিতা/স্বামীর নাম ঃ
সদস্য আইডি ঃ
জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ

জামিনদার (গ্যারান্টর)-০২ ঃ
সমিতির সদস্য
নাম ঃ
পিতা/স্বামীর নাম ঃ
সদস্য আইডি ঃ
জাতীয় পরিচয়পত্র নম্বরঃ

৩. প্রস্তাবিত প্রকল্প লাভজনক হবে মর্মে আশাকরা যায়/যায়না। আবেদনকারী জনাব ----------------ঋণ গ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করেছেন/করেননি বিধায় প্রস্তাবিত ঋণ অনুমোদন দেয়া যেতে পারে/আবেদন নামঞ্জুর করা যেতে পারে।

উপজেলা সমন্বয়কারী
(সীল মোহর)

অনুমোদনঃ ঋণ প্রস্তাব অনুমোদিত।
তারিখঃ

উপজেলা নির্বাহী কর্মকর্তা
(সীল মোহর)

বিতরণঃ
১. সভাপতি/ম্যানেজার
২. আবেদনকারী জনাব ----------------
৩. প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংক অফিস নথি।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ
দায়বদ্ধ রাখার একরারনামা

| | | | |
|---|---|---|---|
| জেলাঃ | | উপজেলাঃ | |
| ইউনিয়নঃ | | ওয়ার্ড ঃ | গ্রাম ঃ |
| সমিতির নাম ঃ | | সমিতির কোড নং ঃ | সভাপতি/ম্যানেজারের মোবাইল ফোন নম্বর ঃ |

এই একরারনামা -------- সনে ----------- তারিখে আমি ------------------------ পিতা/স্বামী ঃ -----------গ্রামঃ------------------, ডাকঘরঃ ------------------,উপজেলাঃ -----------------, জেলা ঃ -------------,সদস্য নং- ------------------- কর্তৃক সম্পাদিত হলো। এই দলিল আমার উত্তরাধিকারীগণ, তত্ত্বাবধায়কবৃন্দ ও নিদিষ্ট ব্যক্তিগণকেও অন্তর্ভূক্ত করবে। একটি বাড়ি একটি খামার প্রকল্প আমাকে ও আমার পরিবারের সদস্যকে -----------------(কথায়---------) টাকা বার্ষিক শতকরা ০৫% সেবামূল্যে মোট ঃ ------------(কথায়--------) টাকা সমান ----- টি সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক কিস্তিতে সম্পূর্ণ পরিশোধ করার শর্তে ঋণ মঞ্জুর করেছে। যতদিন ঋণের টাকা ও তার সেবামূল্য সম্পূর্ণ পরিশোধ না হবে, ততদিন পর্যন্ত উক্ত টাকা এই ঋণের টাকায় অর্জিত সম্পত্তি আমি কোন অবস্থাতে হস্তান্তর করবো না । আমি ঋণ প্রদানের যাবতীয় শর্ত মানতে বাধ্য থাকব। ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধের পূর্বে কোন কারণবশতঃ ঋণের টাকা বা তাদ্দারা অর্জিত সম্পত্তি বিনষ্ট হলেও আমি সম্পূর্ণ ঋণ ও সেবামূল্য পরিশোধে বাধ্য থাকব। ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধের ব্যর্থতার কারণে উক্ত একটি বাড়ি একটি খামার প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংক আমার স্থাবর/অস্থাবর সম্পত্তি হতে ঋণ ও সেবামূল্যের টাকা আদায় করতে বা আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে। এতে আমি বা আমার উত্তরাধীকারীগণ কোনরূপ আপত্তি করতে পারবে না এবং আপত্তি করলে আইনগত কোন বৈধতা থাকবে না। এই একরারনামা আমি স্বজ্ঞানে, স্বইচ্ছায় এবং সুস্থ্য মস্তিস্কে স্বাক্ষর করলাম।

----------------------
(আবেদনকারীর স্বাক্ষর)
সদস্য নং-
তারিখঃ

সাক্ষী (০১)

| | |
|---|---|
| স্বাক্ষর ঃ | তারিখঃ |
| সদস্যের পূর্ণ নামঃ | সদস্য কোড নম্বরঃ |
| পিতা/স্বামীর নামঃ | |
| জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ | মোবাইল ফোন নম্বর ঃ |

সাক্ষী (০২)

| | |
|---|---|
| স্বাক্ষর ঃ | তারিখঃ |
| সদস্যের পূর্ণ নামঃ | সদস্য কোড নম্বরঃ |
| পিতা/স্বামীর নামঃ | |
| জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ | মোবাইল ফোন নম্বর ঃ |

মাঠসহকারী    কম্পিউটার অপারেটর-কাম- হিসাব সহকারী    ফিল্ডসুপারভাইজার

প্রতি স্বাক্ষরিতঃ
উপজেলা সমন্বয়কারী
(সীল মোহর)

বিঃ দ্রষ্টব্যঃ মহিলা ঋণ গ্রহিতার ক্ষেত্রে উপরোক্ত সাক্ষীদ্বয়ের মধ্যে এক জন হবেন ঋণ গ্রহিতার পরিবারের সদস্য এবং অন্যজন সমিতির কোন সদস্য।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ
পাওনা অঙ্গীকারপত্র

| | | | |
|---|---|---|---|
| জেলাঃ | | উপজেলাঃ | |
| ইউনিয়নঃ | | ওয়ার্ড ঃ | গ্রাম ঃ |
| সমিতির নাম ঃ | | সমিতির কোড নং ঃ | সভাপতি/ম্যানেজারের মোবাইল ফোন নম্বর ঃ |

টাকাঃ (কথায়---------) , তারিখঃ

আমি নিম্ন স্বাক্ষকারী ------------------------------ 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ তহবিল থেকে অদ্য ------------তারিখে মোট --------(কথায়-----) টাকা ঋণ হিসাবে গ্রহণ করিলাম এবং যথাসময়ে ও যথানিয়মে পরিশোধ করার চুক্তিতে আমি স্বেচ্ছায় ও স্বজ্ঞানে অত্র অঙ্গীকারপত্রে স্বাক্ষর সন্নিবেশন করলাম।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর ঃ | | | | তারিখঃ | |
| পূর্ণ নাম ঃ | | | | | |
| পিতা/স্বামীর নাম ঃ | | | | | |
| সদস্য কোড নং - | | জাতীয় পরিচয়পত্র নম্বরঃ | | মোবাইল ফোন নম্বরঃ | |
| পূর্ণ ঠিকানাঃ | গ্রামঃ | ডাকঘর ঃ | ইউনিয়ন ঃ | উপজেলা ঃ | জেলা ঃ |

সাক্ষী (০১)

| | |
|---|---|
| স্বাক্ষর ঃ | তারিখঃ |
| সদস্যের পূর্ণ নামঃ | সদস্য কোড নম্বরঃ |
| পিতা/স্বামীর নামঃ | |
| জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ | মোবাইল ফোন নম্বর ঃ |

সাক্ষী (০২)

| | |
|---|---|
| স্বাক্ষর ঃ | তারিখঃ |
| সদস্যের পূর্ণ নামঃ | সদস্য কোড নম্বরঃ |
| পিতা/স্বামীর নামঃ | |
| জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ | মোবাইল ফোন নম্বর ঃ |

মাঠসহকারী    কম্পিউটার অপারেটর-কাম- হিসাব সহকারী    ফিল্ডসুপারভাইজার

প্রতি স্বাক্ষরিতঃ
উপজেলা সমন্বয়কারী
(সীল মোহর)

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ
ঋণ বিতরণ সার্টিফিকেট

| | | | |
|---|---|---|---|
| জেলাঃ | | উপজেলাঃ | |
| ইউনিয়নঃ | | ওয়ার্ড ঃ | গ্রাম ঃ |
| সমিতির নাম ঃ | | সমিতির কোড নং ঃ | সভাপতি/ম্যানেজারের মোবাইল ফোন নম্বর ঃ |

বিতরণ ঃ

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে জনাব ------------------কে তাঁর হিসাব নং-এর অনুকূলে ------------------
(কথায় -----------------------) টাকা ঋণ বিতরণ করা হলো।

মাঠসহকারী কম্পিউটার অপারেটর-কাম- হিসাব সহকারী ফিল্ডসুপারভাইজার

উপজেলা সমন্বয়কারী

গ্রহণঃ
আমি --------------সদস্য নং----------------- মোট --------------(কথায়----------) টাকা ঋণ গ্রহণ করিলাম। উক্ত ঋণ বার্ষিক ০৫% হারে সেবামূল্যসহ মোট ----------(কথায়-------------) টাকা মাত্র -------(-----) টি সমান সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক ------- কিস্তিতে পরিশোধ করিব।

গ্রহণকারীর স্বাক্ষর
তারিখঃ

মাঠসহকারী / ফিল্ডসুপারভাইজার (সীল মোহর)
তারিখঃ

প্রতিস্বাক্ষর-
উপজেলা সমন্বয়কারী (সীল মোহর)
তারিখঃ

আকবর হোসেন
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
একটি বাড়ি একটি খামার প্রকল্প
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আশরাফুল মোস্তফা
যুগ্ম-সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।



(A.H.M. Abdullah)
Managing Director
Small Farmers Development Foundation
Palli Bhaban (6th Floor)
5, Kawran Bazar, Dhaka-1215